

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬৪

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر)

পরিচ্ছেদঃ ৮১. ইসলামে কোনো প্রতিজ্ঞা বা চুক্তি নেই

# باب لَا حِلْفَ فِي الْإِسْلَامِ

#### আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا شَرِيكٌ عَنْ سِمَاكٍ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ قِيلَ لِشَرِيكٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ نَعَمْ لَا حِلْفَ فِي الْإِسْلَامِ وَفِي الْجَاهِلِيَّةِ لَمْ يَزِدْهُ الْإِسْلَامُ إِلَّا شِدَّةً وَجِدَّةً

#### বাংলা

২৫৬৪. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "ইসলামে (অবৈধ) চুক্তি বা প্রতিজ্ঞার কোন স্থান নেই। আর জাহিলী যুগের শপথের মাঝে ভাল উদ্দেশ্যে যে ওয়াদা ও চুক্তি সম্পাদিত হয়েছে, ইসলাম তাকে আরো শক্তিশালী ও উজ্জীবিত করে দিয়েছে।"[1]

### ফুটনোট

[1] তাহক্রীক্ব: এর সন্দ যয়ীফ। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৩৩৬; সহীহ ইবনু হিব্বান নং ৪৩৭০ ও মাওয়ারিদুয যাম'আন নং ২০৬১ তে।

এর শাহিদ হাদীস রয়েছে উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬৯০২ তে।

এর শাহিদ হাদীস রয়েছে জুবাইর ইবনু মুতঈম রাদ্বিয়াল্লাহু আনহু হতে আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৩৭১, ৪৩৭২ ও নাসিখুল কুরআন ওয়াল মানসূখাহ পৃ: ৭২ তে।

এর শাহিদ হাদীস রয়েছে কাইস ইবনু আসিম রাদ্বিয়াল্লাহু আনহু হতে আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ



## ইবনু হিব্বান নং ৪৩৬৯ ও মুসনাদুল মাউসিলী নং ১২/৩৩০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন